# বাকেরগঞ্জ উপজেলা পরিষদের জানুয়ারি ২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোহাম্মদ শামসুল আলম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাকেরগঞ্জ, বরিশাল।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

সভার তারিখ ঃ ০৯ জানুয়ারি ২০২১

সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা

উপস্থিত সদস্যদের হাজিরা রেজিষ্ট্রারে সংরক্ষিত।

সভার প্রারম্ভে সভাপতি সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। কোন সংশোধনী না থাকায় উহা সর্ব সম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। এরপর বিভাগ ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| বিভাগ | বিষয়বস্তু | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১। স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, কোভিড-১৯ ২য় পর্যায় চলছে। তারা যথারীতি তাদের কাজ করছেন। স্বাস্থ্য বিধি পালনসহ সকলকে সচেতন থাকার জন্য অনুরোধ জানান। জানুয়ারি ২৫ তারিখের মধ্যে ভেক্সিন আসবে। অগ্রাধিকার ভিত্তিতে ভেক্সিন দেয়া হবে। এ ছাড়াও ন্যাজাল স্প্রে বাজারে আসছে। এক বার স্প্রে করলে ৪ থেকে ৫ ঘন্টা সুরক্ষা দিবে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ জানানো হয় এবং ভেক্সিন আসলে যাতে অগ্রাধিকার ভিত্তিতে শৃঙ্খলা মেনে ভেক্সিন দেয়া হয় সে বিষয়ে সতর্ক থাকার জন্য অনুরোধ জানান। |
| ২। কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, এ উপজেলায় রবি মৌসুমে ইতোমধ্যে বোরোধান, খেসারী, সরিষা আবাদ শুরু হয়েছে। মাঠ ফসলের সার্বিক অবস্থা ভালো। আগামী খরিপ-২/২০২১-২২ মৌসুমে উফশী আমান ধানের বীজ ও সার সহায়তা দিলে আমন উৎপাদন বিঘা প্রতি ৪ মন বৃদ্ধি পাবে। খরিপ-২/২০২১-২২ মৌসুমে ১ টি পৌরসভা ও ১৪ টি ইউনিয়নের ৪৫০০ জন কৃষকের প্রত্যেককে ১ বিঘা জমি আবাদের জন্য বিনামূল্যে ৫ কেজি উফশী আমন ধান বীজ (জাত-আর-২৩/ ব্রিধান, ৫২/ব্রিধান ৭৬), ১০ কেজি ডিএপি, ১০ কেজি এমওপি সার এবং ৩০০ কৃষকের প্রত্যেককে ১টি করে হ্যান্ড স্প্রেয়ার মেশিন বিতরণ জন্য ডিজি মহোদয় বরাবরে পত্র প্রেরণ করা হয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা কৃষি অফিসার-কে অফিসারকে অনুরোধ জানানো হয়। |
| ৩। প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ অফিসার সভায় জানান যে, পার্শবর্তী দেশে বার্ড ফ্লু দেখা দিয়েছে। আমাদের সতর্ক থাকতে হবে। মৃত পশু পাখি যাতে মাটি চাপা দেয়া হয় সে বিষয়ে সকলকে সচেতনের জন্য সকল ইউপি চেয়ারম্যান দের অনুরোধ জানানো হয়। | এ বিষয়ে আলোচনান্তে বার্ড ফ্লু এর ব্যাপারে সতর্ক থাকার এবং জনগনকে সচেতন করার জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। |
| ৪। মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, ১০/০১/২০২১ খ্রিঃ তারিখ হতে অবৈধ জাল নিধনের লক্ষে কম্বিং অপারেশন চলবে। বাধা জাল , কারেন্ট জাল সহ নিসিদ্ধ জাল যাতে কেউ ব্যবহার করতে না পারে সে বিষয়ে সকলকে সচেতন করার জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ জানানো হয় এবং নিসিদ্ধ জাল যাতে কেউ ব্যবহার করতে না পারে সে বিষয়ে সকলকে সচেতন করার জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। |
| ৫। প্রকৌশল বিভাগ | ১। উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা সম্প্রসারিত ভবন নির্মানের প্রস্তাবিত জায়গায় জরাজীর্ণ পরিত্যাক্ত দুইটি গোডাউন ভবন রয়েছে। যা নিলামের মাধ্যমে অপসারন করা প্রয়োজন।উক্ত পরিত্যাক্ত জরাজীর্ণ ভবনের নিলামের জন্য ৩৩,৪০০ টাকা এবং ২৩০২৬/- টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। সদয় অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হলো। | এ বিষয়ে আলোচনান্তে নিলামের জন্য উপস্থাপিত প্রাক্কলন দুটি সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। |
| ৫। পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জান্া গেলনা। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। |

| | | |
|---|---|---|
| ৬। সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, উপজেলা সমাজসেবা কার্যালয় বাকেরগঞ্জ বরিশাল এর আওতায় সামাজিক নিরাপত্তা কর্মসূচির বাকেরগঞ্জ উপজেলার Digital Payment (G2P) বাস্তবায়নের লক্ষে ১৪ টি ইউনিয়ন ০১ টি পৌরসভাসহ ১৫ টি ইউনিটের উপকারভোগীদের নগদ মোবাইল ব্যাংকিং সার্ভিস এর মাধ্যমে হিসাব খোলার জন্য নির্ধারিত তারিখ ও সময়ে ভাতাভোগীদের তার মোবাইল ফোন নিয়ে তার নামে নিবন্ধিত সিম সহকারে ডিডিউল মোতাবেক উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ জানান। উল্লেখ্য যে শুধু ১৮ বছরের নিচে প্রতিবন্ধী ভাতাভোগীদের ক্ষেত্রে বাবা, মা, ভাই, বোন এর নিবন্ধিত সিম ও মোবাইলসহ উপস্থিত থাকতে হবে। উক্ত কার্যক্রম সঠিক ভাবে বাস্তবায়নের লক্ষ্যে মেয়র, বাকেরগঞ্জ পৌরসভা / সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সদস্য/ সদস্যগণকে সর্বাত্তক সহযোগীতা প্রদানের জন্য অনুরোধ জানান। | এ বিষয়ে আলোচনান্তে G2P বাস্তবায়নের জন্য সংশ্লিস্ট সকলকে সহযোগীতার জন্য অনুরোধ জানান। |
| ৭। প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, সব স্কুলের ম্যানেজিং কমিটি গঠনের কার্যক্রম চলমান আছে। দুর্গাপাশা ঘোষ কাঠী নতুন বিদ্যালয় করার জন্য কম পক্ষে ৩৩ শতাংশ জায়গা দরকার । চেয়ারম্যান .দুর্গাপাশা ইউপি কে জায়গা নির্বাচনে সহযোগীতা প্রদানের জন্য অনুরোধ জানান। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান দুর্গাপাশাকে স্কুলের জন্য জায়গা নির্বাচনে সার্বিক সহযোগীতা প্রদানের অনুরোধ জানান। এ ছাড়াও যে সব স্কুলে শিক্ষক কম সে সব স্কুলে শিক্ষক পদায়নের জন্য পত্র দেয়ার জন্য শিক্ষা অফিসারকে অনুরোধ জানান। |
| ৮। মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে,বিনা মূল্যে পাঠ্য পুস্তক এখনো সম্পূর্ণ পাওয়া যায়নি যা পেয়েছি তা প্রতি স্কুলে চাহিদা অনুযায়ী দিয়েছি । আমাদের কাছে কোন বই মওজুদ নেই । | শিক্ষার মান বৃদ্ধির লক্ষে করোনা কালীন সময় পাঠদানের বিষয়ে সরকারি সিদ্ধান্ত যথাযথভাবে পালন করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ জানানো হয়। |
| ৯। পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা উন্নয়ন অফিসার-কে অনুরোধ জানানো হয়। |
| ১০। মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসার-কে অনুরোধ জানানো হয়। |
| ১১। ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সভায় জানান যে, ১ম পর্যায়ের টি. আর, কাবিখার তালিকা অনুমোদন দেয়া হয়েছে। ২য় পর্যায়ের কার্যক্রম চলছে কিছু বাকি আছে। দ্রুত অনুমোদন করা হবে। ২য় পর্যায়ের কাজ দ্রুত শেষ করতে পারলে ৩য় পর্যায়ের বরাদ্ধ পাওয়া যাবে। | সকল কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। |
| ১২। জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান যে,তার বিভাগের কার্যক্রম স্বাভাবিবকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্যকে অনুরোধ জানানো হয় |
| ১৩। বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ, সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা বন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয় |
| বিবিধ<br>১। ইউ জি ডি পি সংক্রান্ত | উপজেলা ডেভলপমেন্ট ফেসিলেটর (ইউডিএফ) সভায় জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউ জি ডিপি) ও জিওবি কর্তৃক অর্থায়নে ২০১৭-২০১৮ অর্থ বছরে বাকেরগঞ্জ উপজেলায় প্রাপ্ত অর্থ দ্বারা গৃহীত ২৬ টি কমিউনিটি ক্লিনিকের মেরামত ও ২ টি গভীর নলকুপ স্পাপন সংক্রান্ত প্রকল্পের কাজ ইতোমধ্যে সমাপ্ত করে টাকা প্রাপ্তির লক্ষে ঠিকাদার বিল ভাউচার দাখিল করেছেন। যার প্রাক্কলিত ব্যয় ভ্যাট আয়কর সহ ২৯,৫৭,৩৯৩,১৬/- টাকা। উক্ত বিল পরিশোধ করা প্রয়োজন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলী ও ইউডিএফ কাজের মান যাচাই পূর্বক বিল ভাউচার প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য পকল্প পরিচালক (ইউজিডিএফ) এর কার্যালয়ে প্রেরণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ২। | চেয়ারম্যান, কলসকাঠী ইউপি সভায় জানান যে, ডিসেম্বর/২০ মাসের সভার সংযোজনী "ঘ" এ উল্লেখিত আন্তঃ ইউনিয়ন খেয়াঘাটের ইজারালব্ধ আয়ের দ্বারা বাস্তবায়নের জন্য অনুমোদনকৃত কলসকাঠী ইউপির প্রকল্পসমূহ পরিবর্তন করে নিম্নলিখিত প্রকল্প বাস্তাবয়ন করা প্রয়োজন<br>১। বাগদিয়া মনির শরীফের বাড়ির সম্মুখ হইতে তালুকদার বাড়ির | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পরিবর্তিত প্রকল্পসমূহ বাস্তাবায়নের সিদ্ধান্ত গৃহিত হয় এবং চেয়ারম্যান কলসকাঠী ইউপিকে দ্রুত বাস্তবায়নের অনুরোধ জানানো হয়। |

| | | |
|---|---|---|
| | ব্রীজ পর্যন্ত রাস্তা সংস্কার-১০০০০০/-<br>২। দক্ষিন সাদিস কাঞ্চন মোল্লার বাড়ির সম্মুখে ব্রীজের দুইপাশে মাটি দ্বারা রাস্তা সংস্কার-১০০০০০/-<br>৩। দক্ষিন নারাঙ্গল শাহজাহান হাওলাদার বাড়ির দক্ষিন পাশে বক্সকালভার্ট নির্মান-২০০০০০/- | |
| ৩। | চেয়ারম্যান দুধল ইউপি সভায় জানান যে, (১) দুধল আকন বাড়ী হতে আয়নাল সিকদারের বাড়ীর কমিউনিটি ক্লিনিক হয়ে মোঃ বজলু সিকদারের বাড়ী হইয়া পাইকার ব্রিজ পর্যন্ত ভেরী বাধ নির্মান একান্ত প্রয়োজন যার দৈর্ঘ প্রায় ৩.৫ কিঃ মিঃ (২) পাইকার খালের উপর সুলেজ গেট নির্মান করা প্রয়োজন। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলী-কে সরেজমিনে পরিদর্শন পূর্বক খাল পুনঃখননের প্রয়োজনীয়তা অনুধাবন পূর্বক যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়। |
| ৪। হাটবাজার উন্নয়ন খাতের প্রকল্প বাস্তবায়ন | চেয়ারম্যান, পাদ্রীশিবপুর ইউনিয়ন পরিষদ জানান যে, হাট বাজার ইজারালব্ধ আয়ের ১৫% অর্থ দ্বারা সংশ্লিষ্ট হাট-বাজার রক্ষণাবেক্ষন/উন্নয়নের জন্য উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত মোতাবেক নিম্নলিখিত প্রকল্প বাস্তবায়নের জন্য অনুরোধ জানান।<br>১।রঘুনাথপুর চেয়ারম্যান হাটের গো-শেডের প্লাটফর্ম নির্মাণ-২০০০০০/- | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে গৃহীত প্রকল্পসমূহ নীতিমালা অনুসরণ করে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। |
| ৫। বার্ষিক পরিকল্পনা | সভায় সভাপতি জানান যে, উপজেলা পরিষদ বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২০-২১ বাস্তবায়ন কাজ ইতোমধ্যে শুরু হয়েছে।বার্ষিক পরিকল্পনার বাস্তবায়নের অগ্রগতির প্রতিবেদন প্রতি তিন মাস পর পর স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করতে হয়। তিনি আরও জানান যে, বাকেরগঞ্জ উপজেলার বার্ষিক পরিকল্পনার গত তিন মাসের (অক্টোবর, নভেম্বর এবং ডিসেম্বর) অগ্রগতির উপর দ্বিতীয় ত্রৈমাসিক প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। পরে সভায় উপস্থিত সকলের কাছে দ্বিতীয় ত্রৈমাসিক পরিবীক্ষন প্রতিবেদনটি পেশ করা হল। | এ বিষয়ে আলোচনান্তে সভায় উপস্থিত সকলের সর্বসম্মতক্রমে উপজেলা পরিষদের বার্ষিক পরিকল্পনার বাস্তবায়নের দ্বিতীয় ত্রৈমাসিক পরিবীক্ষন প্রতিবেদন অনুমোদন করা হয়। |

সভায় অন্য কোন আলোচ্য সূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোহাম্মদ শামসুল আলম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বাকেরগঞ্জ
ও সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা

স্মারক নং-০৫.১০.০৬০৭.০০০.০৬.০০১.১৬-২৩

তারিখ ঃ ১১ জানুয়ারি ২০২১

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ

১। মাননীয় সংসদ সদস্য, ১২৪, বরিশাল-৬ (বাকেরগঞ্জ) নির্বাচনী এলাকা।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৪। জেলা প্রশাসক, বরিশাল।
৫। মেয়র, বাকেরগঞ্জ পৌরসভা, বরিশাল।
৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,বাকেরগঞ্জ, বরিশাল।
৭। উপজেলা.............................................অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল।
৮। চেয়ারম্যান.........................................(সকল) ইউপি, বাকেরগঞ্জ, বরিশাল।

(মাধবী রায়)
উপজেলা নির্বাহী অফিসার
বাকেরগঞ্জ, বরিশাল।